# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**08 APRIL 2026** **7:45—7:55**

---

১) রাজ্যের ১২৬ টি বিধানসভা কেন্দ্রে আগামীকাল একটি পর্যায়ে ভোটগ্রহণ । নির্বাচন অবাধ ,স্বচ্ছ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য প্রশাসনের প্রস্তুতি সম্পূর্ণ ।

২) ভোটগ্রহণ সকাল ৭ টা থেকে শুরু ।

৩) বরাক উপত্যকার তিন জেলা সহ রাজ্যের ১২৬ টি বিধানসভা কেন্দ্রে আগামীকাল অনুষ্ঠেয় ভোটগ্রহণের জন্য প্রিসাইডিং ও পোলিং আধিকারিক সহ নির্বাচনের দায়িত্বে থাকা নিরাপত্তারক্ষীরা ই ভি এম সহ ভোট সামগ্রী নিয়ে গন্তব্যস্থলে উপস্থিত ।

এবং

৪) দেশে আগামীকাল থেকে পরিপুষ্টি পক্ষের অষ্টম পর্যায় শুরু ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের ১২৬ টি বিধানসভা আসনে আগামীকাল প্রথমবারের মতো একটি পর্যায়ে ভোটগ্রহণ করা হবে ।ভোটগ্রহণ সকাল সাতটা থেকে শুরু হবে । চলবে বিকেল পাচটা পর্যন্ত । নির্বাচন অবাধ , স্বচ্ছ ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে প্রশাসন প্রস্তুতি সম্পূর্ন করে তুলেছে । এবারের নির্বাচনে ৫৯ জন মহিলা প্রার্থী সহ মোট ৭২২ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন । রাজ্যে এবার ২ কোটি ৫০ লক্ষ ভোটদাতা তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন । এর মধ্যে ১ কোটি ২৫ লক্ষ পুরুষ , ১ কোটি ২৫ লক্ষ মহিলা ও ৩৪৩ জন তৃতীয় লিংগের ভোটদাতা রয়েছেন ।রাজ্যের ৩১ হাজার ৩৮৬ টি ভোটকেন্দ্রে ভোটগ্রহণ শান্তিপূর্নভাবে পরিচালনার জন্য একশ শতাংশ ওয়েবকাস্টিং এর ব্যবস্থা করা হয়েছে । এই সময়কালে শান্তি শৃঙ্খলা বজায় রাখার জন্য কেন্দ্রীয় সশস্ত্র বাহিনীর কয়েকশ কোম্পানী নিয়োগ করা হয়েছে । দরং জেলার দলগাও আসনে

সর্বাধিক ও অনুসূচিত জনজাতির জন্য সংরক্ষিত পশ্চিম কার্বি আংলং এর আমরি আসনে সর্বনিম্ন ভোটদাতা রয়েছেন বলে নির্বাচন কমিশন সূত্রে জানানো হয়েছে ।

রাজ্যের মুখ্য নির্বাচন কমিশনার অনুরাগ গোয়েল প্রত্যেক ভোটদাতাকে নির্বাচন কমিশনের নির্ধারণ করা নথিপত্র সংগে নিয়ে ভোটকেন্দ্রগুলিতে গিয়ে ভোটার অধিকার সাব্যস্ত করার আহ্বান জানিয়েছেন । শ্রী গোয়েল বলেন --

বাইট ---------

শ্রী গোয়েল বলেন যে প্রতিটি ভোটকেন্দ্রে বিশুদ্ধ পানীয় জল , শৌচালয় ও দিব্যাংগ্যদের জন্য রেম্পের ব্যবস্থা রাখা সহ সকল সুযোগ সুবিধা থাকা নিশ্চিত করা হয়েছে । নির্বাচন কমিশন সম্প্রতি নির্বাচনী প্রক্রিয়া স্বচ্ছ করে তোলার জন্য ৩০ টি নতুন উদ্যোগ গ্রহণ করেছে ।সেই অনুযায়ী প্রতিটি ভোটগ্রহণ কেন্দ্রে সর্বাধিক এক হাজার দুশজন ভোটদাতা ভোটদান করতে পারবেন বলে নির্বাচন কমিশন জানিয়েছে ।

ভোটগ্রহণ প্রক্রিয়া শান্তিপূর্নভাবে পরিচালনার জন্য জেলাগুলিতে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।পুলিশ সঞ্চালক প্রধান হরমিত সিং জনসাধারণকে নির্ভয়ে ভোটগ্রহণ কেন্দ্রে গিয়ে তাদের গনতান্ত্রিক অধিকার সাব্যস্ত করার আহ্বান জানিয়েছেন । শ্রী সিং বলেন --

বাইট -----

---

উল্লেখ্য এবারের বিধানসভা নির্বাচনে বরাক উপত্যকার ৩ জেলার মধ্যে কাছাড় জেলার সাতটি আসনের মোট প্রার্থীর সংখ্যা -৪৯ । শিলচর আসনে যেসব প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন, তারা হচ্ছেন- ভারতীয় জনতা পার্টির ডাঃ রাজদীপ রায়, ভারতীয় জাতীয় কংগ্রেসের অভিজিৎ পাল, এস ইউ সি আই (সি) দলের ভবতোষ চক্রবর্তী এবং নির্দল প্রার্থী পাপলু নাথ, সুব্রত কুমার চন্দ, রাণু দাস ও গৌতম দাস ।

ধলাই (সংরক্ষিত) আসনে বিজেপির অমিয় কান্তি দাস, কংগ্রেসের ধ্রুবজ্যোতি পুরকায়স্থ, এস ইউ সি আই (সি) দলের গৌর চন্দ্র দাস এবং নির্দল প্রার্থী পরিমল দাস ।

বড়খলা আসনে কংগ্রেসের ডাঃ অমিত কালোয়ার, বিজেপির পক্ষ থেকে প্রাক্তন বিধায়ক কিশোর নাথ, এস ইউ সি আই (সি) দলের শম্পা দে এবং নির্দল প্রার্থী জাহরুল ইসলাম বড়ভুইয়া, হিফজুর রহমান লস্কর এবং অমলেন্দু দাস ।
কাটিগড়া আসনে বিজেপি প্রার্থী বর্তমান বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ, কংগ্রেস প্রার্থী প্রাক্তন বিধায়ক অমরচান্দ জৈন, তৃণমূল কংগ্রেস প্রার্থী ফজলুর রহমান লস্কর, এস ইউ সি আই (সি) দলের হিল্লোল ভট্টাচার্য, বিকাশ ইন্ডিয়া পার্টির প্রার্থী আব্দুল ওয়াদুদ চৌধুরী, নির্দল প্রার্থী কৌশিক দাস, নুরুল আলম বড়ভুইয়া, রাজু দাস, সন্দীপ দাস, ইবাজুল হক লস্কর, নাসির উদ্দিন বড়ভুইয়া, সালেহ্ আহমেদ মজুমদার, শিবা নারায়ণ সিং এবং সঞ্জু মুণ্ডা ।

সোনাই আসনে কংগ্রেস প্রার্থী আসাম বিধানসভার প্রাক্তন উপাধ্যক্ষ আমিনুল হক লস্কর, অসম গণপরিষদ প্রার্থী বর্তমান বিধায়ক করিম উদ্দিন বড়ভুইয়া ও তৃণমূল কংগ্রেস প্রার্থী সাহাজাহান লস্কর, এস ইউ সি আই (সি) দলের অঞ্জন কুমার চন্দ, এ আই ইউ ডি এফ'এর মিনার হোসেন মাঝারভুইয়া, বিকাশ ইন্ডিয়া পার্টির আব্দুল মতলব লস্কর এবং নির্দল প্রার্থী এম এম মুজাহিদুল মজুমদার, পতন লাল রবিদাস, নজরুল ইসলাম লস্কর, হাসান আহমেদ বড়ভুইয়া, জয়নুল হক মুজমদার এবং আলম হোসেন লস্কর ।

লক্ষ্মীপুর আসনে বিজেপির পক্ষ থেকে রাজ্যের বর্তমান মন্ত্রী কৌশিক রাই এবং কংগ্রেস প্রার্থী ডাঃ এম. শান্তি কুমার সিংহ।

উধারবন্দ আসনে বিজেপি প্রার্থী রাজদীপ গোয়ালা, কংগ্রেসের প্রার্থী রাজ্যের প্রাক্তন মন্ত্রী অজিত সিং, তৃণমূল কংগ্রেস প্রার্থী তাপস দাস, এবং এস ইউ সি আই (সি) দলের দিলীপ কুমার রী নির্বাচনী আসরে রয়েছেন ।

---

নির্বাচন কমিশন বিধানসভা নির্বাচনে ভোটদানের জন্য ভোটদাতারা ভোটার পরিচয়পত্র ছাড়াও অন্যান্য ১২ টি নথির মধ্যে যেকোনও একটি দেখিয়ে ভোটদান করতে পারবেন বলে জানিয়েছে । এই নথিসমূহের মধ্যে রয়েছে আধার কার্ড ,এম জি এনরেগা জবকার্ড ,ডাকঘরের পাসবুক ,আয়ুষ্মান ভারত ,স্বাস্থ্যবীমা স্মার্ট কার্ড ,গাড়ী চালকের অনুজ্ঞাপত্র ,পেনকার্ড ,পাসপোর্ট ইত্যাদি । ভোটদাতার পরিচয়পত্র সম্পর্কে নিশ্চিত তথ্য থাকলে ফটোযুক্ত ভোটার পরিচয়পত্রে থাকা বানান ভুল ইত্যাদি উপেক্ষা করতে নির্বাচন কমিশন নির্দেশ দিয়েছে । ভোটার পরিচয়পত্রে থাকা ফটোর জন্য ভোটদাতার পরিচয়

সাব্যস্ত করতে কোনও সমস্যা হলে নির্ধারিত ১২ টি নথির যেকোনও একটি দেখাতে হবে বলেও কমিশন জানিয়েছে ।

-----------------------------------------------------------------------------------

বিধানসভা নির্বাচন উপলক্ষ্যে সমগ্র রাজ্যে আগামীকাল অর্থাৎ ৯ই এপ্রিল সবেতন ছুটি ঘোষনা করা হয়েছে । রাজ্যের শ্রম কল্যান বিভাগ থেকে ১৯৫১ সালের জনপ্রতিনিধিত্ব আইনের ১৩৫ বি ধারা অনুসারে সব যোগ্য ভোটারদের ভোটদান প্রক্রিয়ায় অংশগ্রহনে সুবিধা প্রদান করতে আগামীকাল সবেতন ছুটি ঘোষনা করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

এদিকে, বিধানসভা নির্বাচনের ভোটগহণ প্রক্রিয়া নিরীক্ষণ করার উদ্দেশ্যে আজ বিদেশী প্রতিনিধির একটি দল আসামে এসেছেন । পতুগাল , ইজিপ্ট , এংগোলা , মেক্সিকো , শ্রীলংকা , বেনিন ও ক্রোয়েশিয়া সহ ৭ টি দেশের ১৫ জন প্রতিনিধি ও নির্বাচন কমিশনের ৩ জন আধিকারিক নিয়ে গঠিত দলটি রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের সংগে বৈঠকে মিলিত হবেন ।এছাড়া তারা ক্ষেত্র পর্যায়ে নির্বাচনের প্রস্তুতি পর্যবেক্ষণ করার উদ্দেশ্যে নির্বাচনী সামগ্রী কেন্দ্র ও নিয়ন্ত্রন কক্ষগুলি পরিদর্শন করবেন । দলটি আগামীকাল ভোটগ্রহণের দিন বিভিন্ন জেলার ভোটগ্রহণ কেন্দ্রগুলি পরিদর্শন করা সহ ভোটদান প্রক্রিয়া , নিরাপত্তা ব্যবস্থা ও প্রযুক্তি বিষয়ে খোজ নেবেন ।

-----------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলা সহ রাজ্যের ১২৬টি বিধানসভা কেন্দ্রে আগামীকাল অনুষ্ঠেয় ভোট গ্রহনের জন্য প্রিসাইডিং ও পোলিং আধিকারীক সহ নির্বাচনের দায়িত্বে থাকা নিরাপত্তা রক্ষীরা ই ভি এম সহ ভোট সামগ্রী নিয়ে ইতিমধ্যে গন্তব্য স্থলে পৌছে গেছেন ।

কাছাড় জেলার সাততি বিধানসভা কেন্দ্র যথাক্রমে শিলচর , উধারবন্দ ,লক্ষীপুর , বড়খলা , কাটিগড়া , ধলাই এবং সোনাই বিধানসভা কেন্দ্রের জন্য ভোট কর্মীরা আজ শিলচর রামনগরের আই এস বি টি থেকে সকাল সাতটা থেকে যাত্রা করেন । জেলা নির্বাচনী আধিকারীক আয়ুষ গর্গের উপস্থিতিতে ভোটের কাজে যুক্ত কর্মী ও আধিকারীকরা গন্তব্যের উদ্দেশ্যে যাত্রা করেছেন । উল্লেখ্য কাছাড় জেলার সাততি বিধানসভা কেন্দ্রের মোট ১৩ লক্ষ ৮১ হাজার ৯শ তিনজন ভোটার তাদের গনতান্ত্রিক অধিকার প্রয়োগ করবেন । জেলায় ৬ লক্ষ ৯১ হাজার ৬০৭ জন পুরুষ ভোটার , ৬ লক্ষ ৯০ হাজার ২শ ৮৩ জন মহিলা ভোটার এবং ১৩ জন তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন । এবারের নির্বাচনে জেলায় ভোট কেন্দ্র হচ্ছে এক হাজার ৭শ ৩২টি ।

এরমধ্যে ৯৫টি ভোট কেন্দ্র সংবেদনশীল হিসেবে চিহ্নিত হয়েছে এবং তিনশ ৯৮টি ভোট কেন্দ্র মহিলাদের দ্বারা পরিচালিত হবে ।

কাছাড়ের জেলা আয়ুক্ত আয়ুষ গর্গ এবং জেষ্ঠ পুলিশ সুপার সঞ্জীব শইকিয়া আজ শিলচর আই এস বি টি স্ট্রং রুম পরিদর্শন করে যাবতীয় প্রস্তুতি সর্ম্পকে অবগত হয়েছেন । জেলার ভোট প্রস্তুতি নিয়ে জেলা আয়ুক্ত শ্রীগার্গ আমাদের সংবাদদাতাকে জানান------

বাইট

এদিকে জেলা প্রশাসনের পক্ষ থেকে আসাম -মিজোরাম , আসাম-মণিপুর সীমান্ত অঞ্চলে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহন করা হয়েছে ।

---

শ্রীভূমি জেলার  ৪৭জন প্রার্থী নির্বাচনী ময়দানে রয়েছেন ।

উত্তর করিমগঞ্জ আসনে  ১৪জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন । এদের মধ্যে উল্লেখযোগ্য প্রার্থীরা হচ্ছেন- বিজেপি প্রার্থী সুব্রত ভট্টাচার্য, কংগ্রেস প্রার্থী জাকারিয়া আহমেদ ।

দক্ষিণ করিমগঞ্জ আসনে ১৫ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন । এই আসনে উল্লেখযোগ্য প্রার্থীদের মধ্যে বিজেপির মিত্রজোট অসম গণপরিষদের প্রার্থী ইকবাল হোসেন, কংগ্রেসের আমিনুর রশিদ চৌধুরী রয়েছেন ।

এদিকে পাথারকান্দি আসনে আটজন প্রার্থী রয়েছেন । এই আসনে বিজেপি প্রার্থী রাজ্যের বর্তমান মন্ত্রী কৃষ্ণেন্দু পাল, কংগ্রেসের কার্তিকসেনা সিন্‌হা রয়েছেন ।

রামকৃষ্ণ নগর আসনে নয়জন প্রার্থী নির্বাচনী আসরে রয়েছেন । এই আসনে উল্লেখযোগ্যদের মধ্যে বিজেপি প্রার্থী বর্তমান বিধায়ক বিজয় মালাকার, কংগ্রেস প্রার্থী সুরুচী রায় এবং নির্দল প্রার্থী শশাঙ্ক শেখর দাস নির্বাচনী আসরে রয়েছেন ।

-----------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার দুটি আসনে মোট প্রার্থীর সংখ্যা --২৭ । আলগাপুর-কাটলীছড়া আসনে ১৫জন প্রার্থী নির্বাচনী আসরে রয়েছেন । এরমধ্যে বিজেপির মিত্রজোট অসম গণপরিষদের প্রার্থী বর্তমান বিধায়ক জাকির হোসেন লস্কর, দুই নির্দল প্রার্থী- বর্তমান বিধায়ক নিজাম উদ্দিন চৌধুরী ও সুজাম উদ্দিন লস্কর এবং কংগ্রেস প্রার্থী জুবের এনাম মজুমদার রয়েছেন ।

অন্যদিকে হাইলাকান্দি বিধানসভা আসনে মোট বারোজন প্রার্থী নির্বাচনী ময়দানে রয়েছেন । এই আসনে উল্লেখযোগ্য প্রার্থীদের মধ্যে বিজেপির ডঃ মিলন দাস , কংগ্রেসের প্রাক্তন বিধায়ক রাহুল রায় রয়েছেন ।

-----------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার চারটি বিধানসভা আসনের নির্বাচন সুষ্ঠভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে আজ সকাল থেকে করিমগঞ্জ কলেজের খেলার মাঠ থেকে ভোট কর্মীরা ই ভি এম , ভিভিপ্যাট সহ প্রয়োজনীয় ভোট সামগ্রী নিয়ে ভোট কেন্দ্রের উদ্দেশ্যে যাত্রা করেছেন । শ্রীভূমি জেলার ভোট সামগ্রী বিতরনের জন্য ৫৫টি কাউন্টার স্থাপন করা হয়েছে । জেলা প্রশাসন থেকে জানানো হয়েছে যে জেলার চারটি বিধানসভার জন্য এক হাজার একশ ৮৮টি ভোট কেন্দ্র স্থাপন করা হয়েছে । জেলার ৯ লক্ষ ৪২ হাজার একশ ১১ জন ভোটার আগামীকাল ৪৭ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারন করবেন । জেলায় পর্য্যাপ্ত সংখ্যক নিরাপত্তা কর্মী নিয়োগ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় নির্বাচন সুষ্ঠভাবে সম্পন্ন করার উদ্দশ্যে ভোট কর্মীরা হাইলাকান্দি শহরের সরকারী ভি এম এইচ বিদ্যালয় থেকে আজ ভোট সামগ্রী নিয়ে ভোট কেন্দ্রের উদ্দেশ্যে যাত্রা করেছেন । জেলার দুটি বিধানসভা আসনের জন্য চার লক্ষ ৯৯ হাজার ভোটদাতা ৬২৩টি ভোট কেন্দ্রে তাদের ভোটাযিকার সাব্যস্ত করবেন ।

-----------------------------------------------------------------------------------------

মহিলা ও শিশু বিকাশ মন্ত্রণালয় আগামীকাল থেকে পরিপুষ্টি পক্ষের অষ্টম পর্যায় রূপায়ন করবে । দেশ থেকে অপুষ্টিজনিত সমস্যা দূর করে সুস্থ ভারত গড়ার লক্ষ্যে এই কার্যসূচীর আয়োজন করা হয়েছে । এই কার্যসূচীর অংশ হিসেবে এবার জীবনের প্রথম ছয়বছরে শিশুর মস্তিষ্কের বিকাশ সর্বাধিক করার ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে । আগামীকাল নতুন দিল্লীর বিজ্ঞান ভবনে বিকেল তিনটে থেকে আয়োজিত অনুষ্ঠানে এই পক্ষের শুভারম্ভ করা হবে । এই ১৫ দিনে সমগ্র দেশের অঙ্গনওয়ারী কেন্দ্রসমূহে মা ,অভিভাবক ,পরিবার ও স্থানীয় সংগঠনসমূহের সহযোগীতায় বিভিন্ন

কার্যসূচী গ্রহণ করা হবে । এরমধ্যে পুষ্টি পঞ্চায়েত ,সচেতনতামূলক অভিযান ,খেলাধূলার মাধ্যমে শিক্ষা ও সুস্থ জীবনশৈলী প্রসারের কার্যসূচী গ্রহণ করা হবে ।
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই অভিযান সম্পর্কে বলেন যে পুষ্টি সম্পন্ন শিশুই শক্তিশালী রাষ্ট্রের ভিত গড়তে পারবে ।

---------------------------------------------------------------------------------